

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৬৩.২০১৭- ১২৬

তারিখঃ ০৪ মাঘ ১৪২৪
১৭ জানুয়ারি ২০১৮


বিষয় : রীট পিটিশন নং-১৮০৮৬/২০১৭, [পিটিশনার জনাব মোবাম্মের আহমেদ, পিতা-মৃত-নাছের উদ্দিন আহমেদ, প্লট নং-৩, গাউছুল আজম এভিনিউ, সেক্টর-১৪, উত্তরা, ঢাকা-১২৩০ এবং অন্যান্য ৮ জন - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ২০.১২.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ১৪.১২.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, উত্তরা আবাসিক এলাকার ১৪নং সেক্টরের গাউছুল আজম এভিনিউ রাস্তার ৩নং প্লটে ৩টি তফসিলভুক্ত সম্পত্তির ওপর নির্মিত দোকান ঘরসমূহ রাজউক কর্তৃক ভেঙ্গে ফেলার নোটিশ এবং উপযুক্ত সময় নির্ধারণ না করে উচ্ছেদ না করার দাবীতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৯ (নয়) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে তর্কিত নোটিশ কেন আইগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত উক্ত নোটিশের কার্যকারিতা আদেশের তারিখ থেকে ১(এক) মাসের জন্য স্থিতাবস্থা বজায় রাখার আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন-১)
ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫
e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

১। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), রাজউক ভবন, ঢাকা।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/ মাস্টার কপি।